বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৪৬.৮১.০০২.১৯-৭৩

তারিখ: ১১ জানুয়ারি ২০২৬

**বিষয়: ১% ভোটারের তালিকা হতে দৈবচয়নের ভিত্তিতে ১০ জন ভোটারের তথ্য যাচাইপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে মাননীয় কমিশন কর্তৃক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ১০/০১/২০২৬ ইং তারিখে নির্বাচনি আপীল মামলা নং ২৭/২০২৬ শুনানীকালে সংসদীয় আসন ৮৯ যশোর-৫ এর স্বতন্ত্র প্রার্থী জনাব মোঃ কামরুজ্জামানের মনোনয়নের সমর্থনে দাখিলকৃত ১% ভোটারের তালিকায় ক্রমিক নম্বর উল্লেখ না থাকায় উক্ত তালিকার ভোটারদের তথ্যাদি যাচাই/তদন্ত করা হয়নি মর্মে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার নির্বাচন কমিশনকে অবগত করেন। সংশ্লিষ্ট স্বতন্ত্র প্রার্থী পূর্বোক্ত মতে কোন যাচাই/তদন্ত সম্পন্ন হয় কি না তা তিনি জানেন না বলে উল্লেখ করেন।

০২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে নোটিশ প্রদান করে প্রার্থীর দাখিলী ১% ভোটারের তথ্যাদি দৈবচয়নের ভিত্তিতে যাচাই করে আগামী ১৬/০১/২০২৬ তারিখের মধ্যে প্রতিবেদন প্রস্তুত করতঃ রিটার্নিং অফিসারের প্রতিনিধিকে আগামী ১৬/০১/২০২৬ তারিখে নির্বাচনি আপীল মামলা নং ২৭/২০২৬ এর শুনানীতে অংশগ্রহণের জন্য মাননীয় নির্বাচন কমিশনের সম্মুখে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নির্বাচন কমিশনের আদেশক্রমে
11.01.2026
(মোঃ ছানাউল্যাহ)
উপসচিব (আইন)
ফোন: ০২-৫৫০০৭৫৩৬
ই-মেইল: ds_law@ecs.gov.bd

জনাব মোহাম্মদ আশেক হাসান,
রিটার্নিং অফিসার ও জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।

নং-১৭.০০.০০০০.০৪৬.৮১.০০২.১৯-৭৩

তারিখ: ১১ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়):

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপসচিব...... (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব....................... মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
৭. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার..........(সংশ্লিষ্ট সকল)
৯. সিনিয়র সহকারী/সহকারী সচিব, নির্বাচন সহায়তা ও সরবরাহ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১০. উপজেলা/থানা নির্বাচন অফিসার, .... (সংশ্লিষ্ট সকল)

11.01.26
(মোঃ আরিফুর রহমান)
সিনিয়র সহকারী সচিব (আইন-২)
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

CamScanner